# ৪৬তম বিসিএস

## প্রিলি ফুল কোর্স

### বাংলাদেশ বিষয়াবলি

লেকচার: ০৪

টপিক:

অসহযোগ আন্দোলন, ৭ মার্চের ভাষণ, স্বাধীনতা ঘোষণা, মুজিবনগর সরকারের গঠন ও কার্যাবলি, মুক্তিযুদ্ধের রণকৌশল, মুক্তিযুদ্ধে বৃহৎ শক্তিবর্গের ভূমিকা, পাকবাহিনীর আত্মসমর্পণ ও বাংলাদেশের অভ্যুদয়, বিভিন্ন দেশ কর্তৃক বাংলাদেশের স্বীকৃতি, মুক্তিযুদ্ধে অবদানের জন্য বীরত্বসূচক খেতাব, মুক্তিযুদ্ধভিত্তিক সাহিত্য ও চলচ্চিত্র



উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি
09666775566
www.uttoron.academy

# অসহযোগ আন্দোলন ১৯৭১

১৯৭১ মার্চ

১৯৭০

১মার্চ বাতিল

৩মার্চ

১মার্চ স্বাধীন বাংলা ছাত্র সংগ্রাম পরিষদ

২ মার্চ DU কলাভবন

আ.স.ম আব্দুর রব

৩মার্চ স্বাধীনতার ইশতেহার

শাজাহান সিরাজ

BNP

মন্ত্রী

নূর

মাখন

[illegible]

[illegible] . ০৫

1767 - [illegible]

[illegible]

৭টি

৬১

৪টি

৩০

৩০

# অসহযোগ আন্দোলন ১৯৭১

| | |
|---|---|
| **ইশতেহার পাঠ** | স্বাধীন বাংলা ছাত্র সংগ্রাম পরিষদ। পাঠ করেন ছাত্রলীগের সাধারণ সম্পাদক শাহজাহান সিরাজ। |
| **স্থান** | পল্টন ময়দান। |
| **তারিখ** | ৩ মার্চ, ১৯৭১। |
| **অনুমোদন** | ৬ মার্চ প্রস্তাবটি সাংগঠনিকভাবে অনুমোদিত হয়। |
| **গৃহীত সিদ্ধান্ত** | • বাংলাদেশকে প্রথম স্বাধীন সার্বভৌম রাষ্ট্র ঘোষণার প্রস্তাব গৃহীত।<br>• বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশের সর্বাধিনায়ক ঘোষণা ও 'জাতির পিতা' উপাধি প্রদান। উপাধি দেন আ.স.ম. আব্দুর রব।<br>• 'আমার সোনার বাংলা আমি তোমায় ভালবাসি' গানটিকে জাতীয় সঙ্গীত হিসেবে স্বীকৃতি। |
| **লক্ষ্য** | ৩টি। যথা- (১) বাঙালির ভাষা, সাহিত্য ও সংস্কৃতির পূর্ণ বিকাশ; (২) বৈষম্যের নিরসন ও (৩) গণতন্ত্র প্রতিষ্ঠা |

# ‘৭১ এর- ৭ মার্চের ঐতিহাসিক ভাষণ

| | | |
|---|---|---|
| **সময়:** | ৭ মার্চ, ১৯৭১ (২৩ ফাল্গুন, ১৩৭৭) রোজ: রবিবার, বিকাল ৩:২০/৩:৩০ টায় রেসকোর্স ময়দানে (বর্তমান সোহরাওয়ার্দী উদ্যান)। | |
| **ব্যাপ্তি:** | ২৩ মিনিটের ভাষণটি রেকর্ড করা হয়েছিল ১৮-১৯ মিনিট। রেকর্ডকৃত শব্দসংখ্যা ১১০৮টি। |  |
| **দাবি:** | ৪টি। যথা- (১) চলমান সামরিক আইন প্রত্যাহার; (২) সেনাদের ব্যারাকে ফিরিয়ে নেওয়া; (৩) গণহত্যার তদন্ত করা এবং (৪) নির্বাচিত জনপ্রতিনিধিদের কাছে ক্ষমতা হস্তান্তর করা। | |
| **তুলনা:** | ১৮৬৩ সালে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট আব্রাহাম লিংকনের দেওয়া ৩ মিনিটের বিখ্যাত ‘গেটিসবার্গ’ ভাষণের সাথে তুলনা করা হয়। | |
| **স্বীকৃতি:** | ইউনেস্কো ৩০ অক্টোবর, ২০১৭ তারিখে বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণকে ‘ওয়ার্ল্ডস ডকুমেন্টারি হেরিটেজ’ বা ‘বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য’ দলিল হিসেবে স্বীকৃতি দিয়ে তা সংস্থাটির ‘মেমোরি অব দ্য ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টার’ এ অন্তর্ভুক্ত করেছে। | |


২৫মার্চ
BDR
BGB
(EPR)
Fixed
Soldier
Police
Pak

# অপারেশন সার্চলাইট (১৯৭১)

| | |
|---|---|
| মূল পরিকল্পনা | ১৮ মার্চ, ১৯৭১ 'অপারেশন সার্চলাইট' এর মূল পরিকল্পনা করা হয়। |
| পরিকল্পনার খসড়া তৈরি | খসড়া তৈরি করেন খাদিম হুসাইন রাজা ও রাও ফরমান আলী। |
| পরিকল্পনার তত্ত্বাবধায়ক | লে.জেনারেল টিক্কা খান |
| অপারেশন পরিচালনার দায়িত্ব | ঢাকা অঞ্চলে অপারেশনের দায়িত্ব দেওয়া হয় রাও ফরমান আলীকে, আর বাকি পুরো প্রদেশে অভিযানের দায়িত্ব দেওয়া হয় খাদিম হুসাইন রাজাকে। |
| অপারেশন পরিচালনা | পাকিস্তানি সৈন্যরা ১১.৩০ মিনিটে সেনানিবাস হতে বেরিয়ে এসে ফার্মগেটে মিছিলরত নিরস্ত্র বাঙালিদের উপর হত্যাযজ্ঞ চালিয়ে অপারেশন সার্চলাইটের সূচনা করে। এর পরিকল্পনা অনুযায়ী পিলখানা, রাজারবাগ পুলিশ লাইনস, নীলক্ষেত ও ঢাকা বিশ্ববিদ্যালয়ে আক্রমণ চালায়। রাত ০১.৩০ মিনিটে বঙ্গবন্ধুকে গ্রেফতার করে। |


Du
EPR

# স্বাধীনতার ঘোষণা

- বাংলাদেশের স্বাধীনতার ঘোষক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। তিনি আনুষ্ঠানিকভাবে বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন- ২৬ মার্চ, ১৯৭১ সালের রাতের প্রথম প্রহরে, গ্রেফতার হওয়ার কিছুক্ষণ আগে।
- **'বঙ্গবন্ধু স্বাধীনতার ঘোষক'** সুপ্রিম কোর্ট এই রায় প্রদান করেন **২১ জুন, ২০০৯**।
- সর্বপ্রথম বঙ্গবন্ধুর স্বাধীনতার ঘোষণাপত্রটি পাঠ করে শোনান আওয়ামী লীগ নেতা এম. এ. হান্নান (২৬ মার্চ, ১৯৭১)।
- শেখ মুজিব ২৫ মার্চ, ১৯৭১ গ্রেফতারের পূর্বে রেকর্ডকৃত স্বাধীনতার ঘোষণাপত্র ওয়্যারলেস যোগে চট্টগ্রাম আওয়ামী লীগ নেতা জহুর আহমেদ চৌধুরীর নিকট পাঠান।
- স্বাধীন বাংলা বেতার কেন্দ্র হতে বঙ্গবন্ধুর স্বাধীনতা সম্পর্কিত ঘোষণার বাংলা অনুবাদ উপস্থাপন করেন- **আবুল কাশেম সন্দ্বীপ**।
- **২৭ মার্চ, ১৯৭১ সালে** কালুরঘাট বেতার কেন্দ্র থেকে বঙ্গবন্ধুর পক্ষে বাংলাদেশের স্বাধীনতার ঘোষণা দেন- **মেজর জিয়াউর রহমান**।


Bird
The Big Bard in Cage
Airforce

# স্বাধীনতার ঘোষণাপত্র

| | |
|---|---|
| আনুষ্ঠানিকভাবে জারি | ১০ এপ্রিল, ১৯৭১ |
| কার্যকর ঘোষণা | ২৬ মার্চ, ১৯৭১ হতে। (এজন্য ২৬ মার্চ বাংলাদেশের স্বাধীনতা দিবস) |
| ঘোষণাপত্র পাঠ করেন | অধ্যাপক ইউসুফ আলী |
| ঘোষণাপত্র রচনা করেন | ব্যারিস্টার আমিরুল ইসলাম |
| সংবিধানে অন্তর্ভুক্ত করা হয় | পঞ্চদশ সংশোধনী দ্বারা ৭ম তফসিলে। |

# POLL QUESTION-01

✪ কখন বঙ্গবন্ধুকে "জাতির পিতা" উপাধি দেওয়া হয়?

(a) ২২ ফেব্রুয়ারি ১৯৭১

(b) ৭ মার্চ ১৯৭১

(c) ৩ মার্চ ১৯৭১

(d) ২ মার্চ ১৯৭১

# মুজিবনগর সরকার

| | |
|---|---|
| গঠন | ১০ এপ্রিল, ১৯৭১ |
| শপথ গ্রহণ | ১৭ এপ্রিল, ১৯৭১ |
| স্থান | মেহেরপুরের ভবেরপাড়া গ্রামের বৈদ্যনাথতলার আম্রকানন (বর্তমান নাম- মুজিবনগর। মুজিবনগর নামকরণ করেন- তাজউদ্দীন আহমদ।) |
| শপথ পাঠ করান | অধ্যাপক ইউসুফ আলী |
| শপথ অনুষ্ঠান পরিচালনা করেন | আব্দুল মান্নান |
| রাজধানী ও সচিবালয় | অস্থায়ী রাজধানী- মুজিবনগর। অস্থায়ী সচিবালয়- ৮নং থিয়েটার রোড, কলকাতায়। |
| আয়োজক | তৌফিক-ই-ইলাহী চৌধুরী (সাবডিভিশন অফিসার, মেহেরপুর) |
| গার্ড অব অনার প্রদান | মাহবুব উদ্দিন আহমেদ এর নেতৃত্বে |
| সরকারের সদস্য | ৬ জন |
| সরকার ব্যবস্থা | রাষ্ট্রপতি শাসিত |
| মন্ত্রিপরিষদ সচিব | এইচ. টি. ইমাম (সিএসপি) |
| মন্ত্রণালয় | ১২টি |
| মুজিবনগর দিবস | ১৭ এপ্রিল |
| মুজিবনগর সরকারের মুখপাত্র | সাপ্তাহিক 'জয়বাংলা' পত্রিকা। (সম্পাদক- আব্দুল মান্নান, ছদ্মনাম-আহমদ রফিক) |

# মুজিবনগর সরকারের গঠনপ্রকৃতি

| নাম | পদমর্যাদা ও দায়িত্ব |
|---|---|
| বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান | রাষ্ট্রপতি- পদাধিকার বলে সশস্ত্র বাহিনীর প্রধান ও মুক্তিযুদ্ধের সর্বাধিনায়ক। |
| সৈয়দ নজরুল ইসলাম | উপ-রাষ্ট্রপতি- (বঙ্গবন্ধুর অনুপস্থিতিতে অস্থায়ী রাষ্ট্রপতি এবং পদাধিকার বলে সশস্ত্র বাহিনীর প্রধান ও মুক্তিযুদ্ধের সর্বাধিনায়কের দায়িত্ব গ্রহণ)। |
| তাজউদ্দীন আহমেদ | প্রধানমন্ত্রী, প্রতিরক্ষা, তথ্য প্রচার এবং টেলিযোগাযোগ, অর্থনৈতিক বিষয়, পরিকল্পনা এবং উন্নয়ন, শিক্ষা, স্থানীয় স্বায়ত্তশাসন সরকার, স্বাস্থ্য, শ্রম এবং সমাজকল্যাণ সংস্থাপন এবং প্রশাসন মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত। |
| ক্যাপ্টেন এম. মনসুর আলী | অর্থমন্ত্রী এবং জাতীয় রাজস্ব, শিল্প, বাণিজ্য ও পরিবহন মন্ত্রণালয়ে দায়িত্বপ্রাপ্ত। |
| খন্দকার মোশতাক আহমেদ | পররাষ্ট্রমন্ত্রী এবং আইন ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে দায়িত্বপ্রাপ্ত। |
| এ এইচ এম কামারুজ্জামান | স্বরাষ্ট্রমন্ত্রী এবং ত্রাণ, পুনর্বাসন ও কৃষি মন্ত্রণালয়ে দায়িত্বপ্রাপ্ত। |
| কর্নেল এম. এ. জি. ওসমানী | সেনাবাহিনীর প্রধান। |
| কর্নেল (অব.) আব্দুর রব | চিফ অব স্টাফ। |
| গ্রুপ ক্যাপ্টেন এ.কে. খন্দকার | ডেপুটি চিফ অব স্টাফ ও বিমান বাহিনীর প্রধান। |

# মুক্তিযুদ্ধের রণকৌশল

**এলাকা:** রংপুর ও ঠাকুরগাঁও।
**কমান্ডার:** উইং কমান্ডার এম.কে. বাশার।
**সাব সেক্টর:** ৫টি

**এলাকা:** রাজশাহী ও দিনাজপুর।
**কমান্ডার:** মেজর নাজমুল হক ও মেজর কাজী নূরুজ্জামান।
**সাব সেক্টর:** ৮টি

**এলাকা:** কুষ্টিয়া, মেহেরপুর, যশোর ও খুলনা।
**কমান্ডার:** মেজর আবু ওসমান চৌধুরী ও মেজর এম. এ. মঞ্জুর।
**সাব সেক্টর:** ৭টি

**এলাকা:** সাতক্ষীরা, বরিশাল ও পটুয়াখালী
**কমান্ডার:** মেজর আবদুল জলিল ও মেজর জয়নাল আবেদীন।
**সাব সেক্টর:** ৩টি।

**এলাকা:** কিশোরগঞ্জ ছাড়া সমগ্র ময়মনসিংহ।
**কমান্ডার:** মেজর জিয়াউর রহমান, মেজর আবু তাহের ও ফ্লাইট লে. এম. হামিদুল্লাহ।
**সব সেক্টর:** ৮টি




**এলাকা:** সিলেট জেলার পশ্চিমাঞ্চল, সুনামগঞ্জ।
**কমান্ডার:** মেজর মীর শওকত আলী।
**সাব সেক্টর:** ৬টি

**এলাকা:** সিলেট জেলার পূর্বাঞ্চল।
**কমান্ডার:** মেজর সি. আর. দত্ত।
**সাব সেক্টর:** ৬টি।

**এলাকা:** হবিগঞ্জ, কিশোরগঞ্জ, কুমিল্লা ও ঢাকা জেলার অংশবিশেষ।
**কমান্ডার:** মেজর কে. এম শফিউল্লাহ ও মেজর নুরুজ্জমান।
**সাব সেক্টর:** ১০টি

**এলাকা:** নোয়াখালী, কুমিল্লা জেলার আখাউড়া-ভৈরব রেল লাইন পর্যন্ত; ঢাকা ও ফরিদপুরের অংশবিশেষ।
**কমান্ডার:** মেজর খালেদ মোশাররফ ও মেজর এ.টি.এম. হায়দার।
**সাব সেক্টর:** ৬টি।

**এলাকা:** চট্টগ্রাম, পার্বত্য চট্টগ্রাম, ফেনী নদী পর্যন্ত।
**কমান্ডার:** মেজর জিয়াউর রহমান ও মেজর রফিকুল ইসলাম।
**সাব সেক্টর:** ৫টি।

**এলাকা:** সমুদ্র উপকূলীয় অঞ্চল।
নৌ-কমান্ডো: ৫১৫
**সাব সেক্টর:** ১০টি।



well
Refine
Train

[illegible]

বিশেষ্য + বিশেষণ — উপমান কর্মধারয়

১। [illegible]
২। [illegible]

৩। মানুষ → সিংহপুরুষ
৪। মন → [illegible]
৫। চাঁদ — [illegible]
৬। ঘাস → [illegible]
৭। সোনা → [illegible]
৮।
৯। তুষার → [illegible]
১০। ফুল
১১। [illegible]

Airforce, বিমান, মানুষ, [illegible]


৪
৭
২০
১০
৮

# মুক্তিযুদ্ধের রণকৌশল

## ❑ সেক্টর কমান্ডারগণ:


মেজর জিয়াউর রহমান


মেজর রফিকুল ইসলাম


মেজর খালেদ মোশাররফ


মেজর এ.টি.এম. হায়দার


মেজর কে. এম. শফিউল্লাহ


মেজর এম. এ. মঞ্জুর


মেজর এ.এন.এম. নূরুজ্জামান


মেজর সি. আর. দত্ত


মেজর মীর শওকত আলী


উইং কমান্ডার এম. কে. বাশার


মেজর আবু ওসমান চৌধুরী


মেজর আবু তাহের

উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি
09666775566
www.uttoron.academy
একটি উদ্যম-উদ্যোগ প্রতিষ্ঠান

## ❑ ব্রিগেড ফোর্স

১১ জুলাই, ১৯৭১ সালে ১১টি সেক্টর ও ৬৪টি সাব-সেক্টর ছাড়াও রণাঙ্গন তিনটি বিগ্রেড ফোর্সে বিভক্ত করার সিদ্ধান্ত নেওয়া হয়। মন্ত্রিসভার সিদ্ধান্ত অনুযায়ী অধিনায়কের নামের আদ্যাক্ষরের ভিত্তিতে ১৯৭১ সালের জুলাই, সেপ্টেম্বর ও অক্টোবর মাসে তিনটি নিয়মিত বিগ্রেড ফোর্সে গঠন করা হয়।



**জেড - ফোর্স**

**সদর দপ্তর : তেলঢালা**

**অধিনায়ক: লে. ক. জিয়াউর রহমান**

মুক্তিবাহিনীর প্রথম বিগ্রেড জেড ফোর্স ৭ জুলাই, ১৯৭১ গঠিত হয়। লে. কর্নেল জিয়াউর রহমানের নামের আদ্যাক্ষর অনুযায়ী এই বিগ্রেডের নামকরণ করা হয় 'জেড ফোর্স'। তিনটি নিয়মিত বাহিনী প্রথম, তৃতীয় ও অষ্টম ইস্ট বেঙ্গল ব্যাটেলিয়ন- এর সমন্বয়ে এই ফোর্স গঠিত হয়।



**এস - ফোর্স**

**সদর দপ্তর : হাজামারা**

**অধিনায়ক: লে. ক. কে এম শফিউল্লাহ**

সেপ্টেম্বর মাসে দ্বিতীয় ও একাদশ ইস্ট বেঙ্গল ব্যাটেলিয়ন নিয়ে এস ফোর্স গঠিত হয়। লে. কর্নেল শফিউল্লাহ- এর নামের আদ্যাক্ষর অনুযায়ী এই বিগ্রেডের নামকরণ করা হয়।



**কে - ফোর্স**

**সদর দপ্তর : আগরতলা**

**অধিনায়ক: লে. ক. খালেদ মোশারফ**

চতুর্থ, নবম ও দশম ইস্ট বেঙ্গল ব্যাটেলিয়ন নিয়ে ৭ অক্টোবর কে- ফোর্স গঠিত হয়। লে. ক. খালেদ মোশারফ- এর নামের আদ্যাক্ষর অনুযায়ী এই বিগ্রেডের নামকরণ করা হয়। ২১ অক্টোবর লে. কর্নেল খালেদ মোশারফ গুরুতরভাবে আহত হলে মেজর খালেক চৌধুরী বিগ্রেডের দায়িত্ব নেন।

# POLL QUESTION-02

✪ **কে মুজিবনগর সরকারের পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে ছিলেন?**

(a) তাজউদ্দীন আহমদ

(b) এম. মনসুর আলী

(c) খন্দকার মোশতাক আহমেদ

(d) এ এইচ এম কামারুজ্জামান


PAK
USA
USSR

# পাকিস্তানি বাহিনীর এদেশীয় দোসর

| | |
|---|---|
| আলবদর | পাকিস্তানি সেনাবাহিনীকে সহায়তাকারী আধা-সামরিক বাহিনী। এই বাহিনী বুদ্ধিজীবীদের হত্যার জন্য প্রধানত দায়ী।<br>**প্রধান:** আলী আহসান মুহাম্মদ মুজাহিদ |
| আল শামস | ছাত্রদের নিয়ে গঠিত সংগঠন যারা পাক হানাদারদের সহায়তা করতো।<br>**প্রধান:** তৎকালীন ইসলামী ছাত্রসংঘের সভাপতি মতিউর রহমান নিজামী। |
| শান্তি কমিটি | **প্রধান উদ্যোক্তা:** গোলাম আযম<br>**সদস্য দল:** জামায়েত ইসলামী, নেজামে ইসলাম, পিডিপি, মুসলিম লীগ।<br>**উদ্দেশ্য:** সরাসরি মুক্তিযুদ্ধের বিরোধিতা করা। |
| রাজাকার বাহিনী | **আহ্বায়ক:** মাওলানা এ কে এম ইউসুফ<br>**গঠন:** পাকিস্তান সরকার আনসার বাহিনীকে রাজাকার বাহিনীতে রূপান্তর করে। এর সদস্যরা মাসিক বেতনভুক্ত ছিল। |
| ডা. মালেক মন্ত্রিসভা | **গঠন:** ১৭ সেপ্টেম্বর, ১৯৭১। গভর্নর জেনারেল টিক্কাখানকে সরিয়ে বেসামরিক ব্যক্তি ডা. আবদুল মুতালিব মালেককে গভর্নর করে ১০ সদস্য বিশিষ্ট মন্ত্রিসভা গঠন করা হয়। এই মন্ত্রিসভা মুক্তিযুদ্ধের বিরুদ্ধে অবস্থান নেয়। ১৪ ডিসেম্বর, ১৯৭১ এই মন্ত্রিসভা পদত্যাগ করে। |


K
2
Hit / Run
NAP

# বুদ্ধিজীবী হত্যাকাণ্ড

- মেজর জেনারেল রাও ফরমান আলী আলবদর ও আল-শামসের সহায়তায় বুদ্ধিজীবী হত্যার নীল নকশা প্রণয়ন করেন।
- প্রতিবছর ১৪ ডিসেম্বর 'শহিদ বুদ্ধিজীবী দিবস' হিসেবে পালিত হয়।

| | |
|---|---|
| **অধ্যাপক:** | মুনীর চৌধুরী, জ্যোতির্ময় গুহ ঠাকুরতা প্রমুখ |
| **চিকিৎসক:** | ডা. ফজলে রাব্বী, ডা. আলিম চৌধুরী প্রমুখ |
| **সাংবাদিক:** | সেলিনা পারভীন, শহীদ সাবের, সিরাজউদ্দিন হোসেন, নিজাম উদ্দিন আহমেদ প্রমুখ |
| **সাহিত্যিক:** | শহীদুল্লা কায়সার, আনোয়ার পাশা, লেখিকা মেহেরুন্নেসা, জহির রায়হান, সঙ্গীতজ্ঞ আলতাফ মাহমুদ প্রমুখ |
| **রাজনীতিবিদ/সমাজসেবক:** | ধীরেন্দ্রনাথ দত্ত, মশিউর রহমান, নূতন চন্দ্র সিংহ, রণদা প্রসাদ সাহা প্রমুখ |

# চূড়ান্ত বিজয় ও পাকিস্তান সেনাবাহিনীর আত্মসমর্পণ



| | |
|---|---|
| আত্মসমর্পণ দলিলে শিরোনাম | Instrument of Surrender. |
| তারিখ | ১৬ ডিসেম্বর, ১৯৭১ (২রা পৌষ, ১৩৭৮) রোজ বৃহস্পতিবার। |
| সময় | বিকাল ৫:০১ মিনিট। |
| স্থান | ঢাকার রেসকোর্স ময়দান (বর্তমানে সোহরাওয়ার্দী উদ্যান)। |
| মিত্রবাহিনীর পক্ষে স্বাক্ষর | লে. জেনারেল জগজিৎ সিং অরোরা। |
| আত্মসমর্পণকারীদের পক্ষে স্বাক্ষর | লে. জেনারেল আমির আবদুল্লাহ খান নিয়াজী। |
| বাংলাদেশের পক্ষে প্রতিনিধিত্ব করেন | ডেপুটি চিফ অব স্টাফ আবদুল করিম খন্দকার (এ. কে. খন্দকার) |
| মিত্রবাহিনীর পক্ষে উপস্থিত | লে. জেনারেল জ্যাকব, মেজর জেনারেল গন্ধর্ব সিং নাগরা ও বঙ্গবীর কাদের সিদ্দিকী। |
| পাকিস্তানের পক্ষে উপস্থিত | লে. জেনারেল আমির আবদুল্লাহ খান নিয়াজী, মেজর জেনারেল রাও ফরমান আলী ও মেজর জেনারেল জামশেদ |
| প্রথম শত্রুমুক্ত জেলা | যশোর (৬ ডিসেম্বর, ১৯৭১) |

# বাংলাদেশকে স্বীকৃতি প্রদানকারী প্রথম দেশসমূহ

| স্বীকৃতি দানকারী | দেশ | তারিখ | স্বীকৃতি দানকারী | দেশ | তারিখ |
|---|---|---|---|---|---|
| প্রথম দেশ | ভুটান | ৬ ডিসেম্বর, ১৯৭১ | প্রথম পশ্চিমা দেশ | গ্রেট ব্রিটেন | ৪ ফেব্রুয়ারি, ১৯৭২ |
| প্রথম ইউরোপীয়/ সমাজতান্ত্রিক দেশ | পূর্ব জার্মানি | ১১ জানুয়ারি, ১৯৭২ | প্রথম অনারব মুসলিম ও এশীয় মুসলিম দেশ | মালয়েশিয়া ও ইন্দোনেশিয়া | ২৫ ফেব্রুয়ারি, ১৯৭২ |
| প্রথম উত্তর আমেরিকান দেশ | বার্বাডোস | ২০ জানুয়ারি, ১৯৭২ | প্রথম দক্ষিণ আমেরিকান দেশ | ভেনিজুয়েলা | ২ মে, ১৯৭২ |
| প্রথম ওশেনিয়ান দেশ | টোঙ্গা | ২৫ জানুয়ারি, ১৯৭২ | প্রথম উপসাগরীয় দেশ | কুয়েত | ৪ নভেম্বর, ১৯৭৩ |
| প্রথম অনারব মুসলিম/ আফ্রিকান মুসলিম দেশ | সেনেগাল | ১ ফেব্রুয়ারি, ১৯৭২ | প্রথম আরব/মুসলিম/ মধ্যপ্রাচ্যের দেশ | ইরাক | ৮ জুলাই, ১৯৭২ |

# বাংলাদেশকে স্বীকৃতিদানকারী উল্লেখযোগ্য দেশসমূহ

| মহাদেশ | দেশ | তারিখ |
|---|---|---|
| এশিয়া | ভারত (২য়) | ৬ ডিসেম্বর, ১৯৭১ |
| | সোভিয়েত ইউনিয়ন (রাশিয়া) | ২৪ জানুয়ারি, ১৯৭২ |
| | ইন্দোনেশিয়া, মালয়েশিয়া | ২৫ ফেব্রুয়ারি, ১৯৭২ |
| | পাকিস্তান, ইরান | ২২ ফেব্রুয়ারি, ১৯৭৪ |
| | চীন | ৩১ আগস্ট, ১৯৭৫ |

| মহাদেশ | দেশ | তারিখ |
|---|---|---|
| ইউরোপ | যুক্তরাজ্য | ৪ ফেব্রুয়ারি, ১৯৭২ |
| | ফ্রান্স | ১৪ ফেব্রুয়ারি, ১৯৭২ |
| আফ্রিকা | গাম্বিয়া | ২ মার্চ, ১৯৭২ |
| উত্তর আমেরিকা | মার্কিন যুক্তরাষ্ট্র | ৪ এপ্রিল, ১৯৭২ |

# মুক্তিযুদ্ধে বৃহৎ শক্তির ভূমিকা

- মুক্তিযুদ্ধের পক্ষে ছিল- ভারত এবং সোভিয়েত ইউনিয়ন।
- পাকিস্তানের পক্ষে ছিল- মার্কিন যুক্তরাষ্ট্র এবং চীন।
- ভারত সরকার ১ কোটি শরণার্থীকে আশ্রয় দেয়।
- ভারত ও সোভিয়েত ইউনিয়নের মধ্যে মৈত্রী চুক্তি স্বাক্ষরিত হয়- ৯ আগস্ট, ১৯৭১।
- জাতিসংঘে যুক্তরাষ্ট্রের যুদ্ধবিরতি প্রস্তাবের বিরুদ্ধে সোভিয়েত ইউনিয়ন ৩ বার ভেটো প্রদান করে।
- যুক্তরাষ্ট্র পাকিস্তানের সমর্থনে ভারত মহাসাগরে মূল ভূখণ্ডের বাইরে সবচেয়ে বড় নেভাল ফোর্স সপ্তম নৌবহর পাঠায়। এর প্রধান ঘাঁটি জাপানের ইয়াকোসুকায়। এই নৌ বহরের একটি বিশেষ দলের নাম ছিল- টাস্কফোর্স ৭৪ যা USS Enterprise জাহাজের নেতৃত্বে গঠিত হয়েছিল।

# মুক্তিযুদ্ধে বিদেশি নাগরিকদের অবদান

| নাম | নাগরিক | অবদান | সম্মাননা | মৃত্যু |
|---|---|---|---|---|
| ফাদার মারিও ভেরেনজি | ইতালীয় ধর্মযাজক | যশোরে একটি গির্জায় কর্মরত ছিলেন। সেখানে তিনি বাঙালিদের আশ্রয় দেন। | মুক্তিযুদ্ধ সম্মাননা ২০১২ | ৪ এপ্রিল, ১৯৭১ পাকিস্তানির গুলিতে নিহত। |
| সাইমন ড্রিং | ব্রিটিশ | ১৯৭১ সালে ঢাকার ব্রিটিশ সংবাদপত্র ডেইলি টেলিগ্রাফের সাংবাদিক ছিলেন। এই পত্রিকার মাধ্যমে তিনিই সর্বপ্রথম বহির্বিশ্বে পাকিস্তানি গণহত্যার খবর প্রকাশ করেন। | ২০১২ সালে মুক্তিযুদ্ধ সম্মাননা প্রদান | ১৬ জুলাই, ২০২১ |
| আর্চার কেন্ট ব্লাড | আমেরিকান | ১৯৭১ সালে পূর্ব পাকিস্তানে যুক্তরাষ্ট্রের কনস্যুলার ছিলেন। পাকিস্তান বাহিনীর নৃশংসতা বন্ধে কার্যকর ব্যবস্থা নেওয়ার জন্য মার্কিন পররাষ্ট্র দপ্তরে তার বার্তা পাঠান। | মুক্তিযুদ্ধ সম্মাননা ২০১২ | ৩ সেপ্টেম্বর, ২০০৪ |
| ডব্লিউ এস ওডারল্যান্ড | অস্ট্রেলিয়া জন্ম-হল্যান্ড | ২ নং সেক্টরে গণবাহিনীর সদস্য হিসেবে যুদ্ধ করেন। | বীর প্রতীক খেতাব প্রাপ্ত একমাত্র বিদেশি মুক্তিযোদ্ধা। | ১৮ মে, ২০০১ |

# মুক্তিযুদ্ধে প্রচার মাধ্যমের ভূমিকা

## ❑ The Concert for Bangladesh

- ✓ **তারিখ:** ১৯৭১ সালের ১ আগস্ট।
- ✓ **উদ্দেশ্য:** বাংলাদেশের শরণার্থীদের জন্য সাহায্য করা।
- ✓ **স্থান:** নিউইয়র্ক সিটির ম্যাডিসন স্কয়ার গার্ডেন প্রাঙ্গনে।
- ✓ **ব্যান্ডদল:** দ্য বিটলস (লন্ডন)।
- ✓ **উদ্যোক্তা:** জর্জ হ্যারিসন ও পণ্ডিত রবি শঙ্কর (প্রধান)। রবি শঙ্কর এর আহ্বানে কনসার্টে যোগ দেন জর্জ হ্যারিসন।
- ✓ **শিল্পী/ তত্ত্বাবধানে:** জর্জ হ্যারিসন (যুক্তরাজ্য)।
- ✓ **প্রযোজনা:** জর্জ হ্যারিসন ও অ্যালেন ক্লেইন।
- ✓ **অনুষ্ঠান শুরু করেন:** সেতারবাদক রবি শংকর ও বিখ্যাত স্বরোদবাদক ওস্তাত আলী আকবর খান যন্ত্রসঙ্গীতের মাধ্যমে।
- ✓ **অন্যান্য শিল্পী:** বব ডিলান, এরিক ক্ল্যাপটন, লিওন রাসেল, বিলি প্রিস্টন, ব্যাড ফিঙ্গার এবং রিঙ্গো স্টার।
- ✓ **সংগৃহীত অর্থ প্রদান করা হয়:** ইউনিসেফের তত্ত্বাবধানে শরণার্থীদের। দর্শক সংখ্যা: ৪০,০০০ জন, মোট অর্থ: ২.৫ লাখ ডলার।
- ✓ **কনসার্ট ফর বাংলাদেশ চলচ্চিত্র'র (১৯৭২ মুক্তি পায়) পরিচালক ছিলেন:** সোল সুইমার।

# মুক্তিযুদ্ধের খেতাব

| খেতাব | পূর্বের সংখ্যা | বাতিল | বর্তমান সংখ্যা | অন্যান্য তথ্য |
|---|---|---|---|---|
| **বীরশ্রেষ্ঠ** | ৭ জন | - | ৭ | সেনাবাহিনী-৩ জন, নৌবাহিনী-১ জন, বিমান বাহিনী-১ জন ইপিআর-২ জন |
| **বীর উত্তম** | ৬৮ জন | ১ জন- (লে.কর্নেল শরিফুল হক ডালিম) | ৬৭ | ১৫ আগস্ট, ১৯৭৫ জাতির পিতার দেহরক্ষী হিসেবে নিহত হন বি. জেনারেল জামিল আহমেদ। তাঁকে ২০১০ সালে মরণোত্তর বীর উত্তম উপাধি দেওয়া হয়। মোট বীর উত্তম ৬৮ জন তবে মুক্তিযুদ্ধে অবদান রাখা বীর উত্তম ৬৭ জন। বীর উত্তম প্রাপ্ত একমাত্র বেসামরিক নাগরিক- আব্দুল কাদের সিদ্দিকী। |
| **বীর বিক্রম** | ১৭৫ জন | ১ জন- (লে. কর্নেল নূর চৌধুরী) | ১৭৪ জন | পার্বত্য চট্টগ্রামে বিচ্ছিন্নতাবাদীদের সাথে লড়াইয়ে নিহত দুই সেনাকে ২০১০ সালে বীর বিক্রম উপাধি দেওয়া হয়। বর্তমানে মোট বীর বিক্রম ১৭৬ জন তবে মুক্তিযুদ্ধে অবদান রাখা বীর বিক্রম ১৭৪ জন। একমাত্র আদিবাসী বীর বিক্রম- উক্য চিং বা উই.কে. চিং মারমা। (৬ নং সেক্টরে যুদ্ধ করেন)। |
| **বীর প্রতীক** | ৪২৬ জন | ২ জন- (১. লে. এ এম রাশেদ চৌধুরী ২. নায়েক সুবেদার মোসলেম উদ্দীন) | ৪২৪ জন | বীর প্রতীক খেতাব প্রাপ্ত নারী মুক্তিযোদ্ধা- ২ জন।<br>১. ডা. সেতারা বেগম (২ নং সেক্টরে কর্মরত ছিলেন)।<br>২. তারামন বিবি (১১ নং সেক্টরে কর্মরত ছিলেন)।<br>বীর প্রতীক প্রাপ্ত বিদেশি মুক্তিযোদ্ধা- ১ জন।<br>১. ডব্লিউ এস ওডারল্যান্ড (২ নং সেক্টরে কর্মরত ছিলেন)।<br>সর্বকনিষ্ঠ মুক্তিযোদ্ধা ও খেতাবপ্রাপ্ত বীর প্রতীক- শহিদুল ইসলাম লালু (বয়স ১২ বছর)। |

# বীরশ্রেষ্ঠ






**বীরশ্রেষ্ঠ ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর**

সেক্টর: ৭নং

শহিদ হন: ১৪ ডিসেম্বর, ১৯৭১, (বারঘরিয়া, চাঁপাইনবাবগঞ্জ)



**বীরশ্রেষ্ঠ ফ্লাইট লেফটেন্যান্ট মতিউর রহমান**

শহিদ হন: ২০ আগস্ট, ১৯৭১ (ভারতীয় সীমান্তের বিন্দাগ্রামের থাট্টায়)।



**বীরশ্রেষ্ঠ সিপাহী হামিদুর রহমান**

সেক্টর: ৪নং

শহিদ হন: ২৮ অক্টোবর, ১৯৭১ (ধলই, শ্রীমঙ্গল, সিলেট)



**বীরশ্রেষ্ঠ ল্যান্স নায়েক নূর মোহাম্মদ শেখ**

সেক্টর: ৮নং

শহিদ হন: ৫ সেপ্টেম্বর, ১৯৭১, (গোয়ালহাটি, যশোর)।



**বীরশ্রেষ্ঠ সিপাহী মোহাম্মদ মোস্তফা কামাল**

সেক্টর: ২নং

শহিদ হন: ১৮ এপ্রিল ১৯৭১ (দরুইন, ব্রাহ্মণবাড়িয়া)।



**বীরশ্রেষ্ঠ ইঞ্জিনরুম আর্টিফিসার মোহাম্মদ রুহুল আমিন**

সেক্টর: ১০নং

শহিদ হন: ১০ ডিসেম্বর, ১৯৭১ (খুলনা, রূপসা নদীতে)।



**বীরশ্রেষ্ঠ ল্যান্স নায়েক মুন্সি আব্দুর রউফ (প্রথম শহিদ)**

সেক্টর: ১নং

শহিদ হন: ৮ এপ্রিল (মতান্তরে ২০ এপ্রিল), ১৯৭১ (মহালছড়ি, রাঙ্গামাটি)।


উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি
09666775566
www.uttoron.academy

# বীরাঙ্গনা মুক্তিযোদ্ধা

- ২০১৫ সালের ১৬ সেপ্টেম্বর সরকার বীরাঙ্গনাদের মুক্তিযোদ্ধা হিসেবে প্রথম স্বীকৃতি প্রদান করে।
- সর্বশেষ মে, ২০২২ পর্যন্ত জারিকৃত বীরাঙ্গনা মুক্তিযোদ্ধার সংখ্যা- ৪৪৮ জন (আপডেট-১৭ ফেব্রুয়ারি, ২০২৩)।

- **কাঁকন বিবি:** মুক্তিবেটি নামে পরিচিত কাঁকাত হেনিনচিতা খাসিয়া সম্প্রদায়ের জন্মগ্রহণ করেন। তিনি মুক্তিবাহিনীর হয়ে ৫ নং সেক্টরে গুপ্তচরের কাজ করেছেন। বিয়ের পর তাঁর নাম হয় নুর জাহান বেগম। তবে তিনি কাঁকন বিবি নামেই পরিচিত। তিনি একজন বীরাঙ্গনা। তাঁকে বীর প্রতীক খেতাব প্রদানের ঘোষণা দেওয়া হলেও সরকারিভাবে এ বিষয়ে কোন গেজেট প্রকাশিত হয়নি।

# মুক্তিযুদ্ধে অবদানের জন্য বিদেশি বন্ধুদের সম্মাননা

এই সম্মাননা চালু হয় ২০১১ সালে। এখন পর্যন্ত মোট সম্মাননা পেয়েছেন: ৩২৮ জন ব্যক্তি ও ১০টি প্রতিষ্ঠান [৭টি ধাপে]।

বিদেশিদের জন্য রাষ্ট্রীয় সম্মাননা– ০৩টি

| সম্মাননার ক্রম | সম্মাননার নাম | সংখ্যা | সম্মাননা প্রাপ্তদের মধ্যে উল্লেখযোগ্য |
|---|---|---|---|
| **সর্বোচ্চ** | বাংলাদেশ স্বাধীনতা সম্মাননা | ০১ জন | ▪ ভারতের সাবেক প্রধানমন্ত্রী শ্রীমতি ইন্দিরা গান্ধী। |
| **দ্বিতীয় সর্বোচ্চ** | বাংলাদেশ মুক্তিযুদ্ধ সম্মাননা | ১৫জন | ▪ প্রণব মুখার্জি- ভারতের সাবেক রাষ্ট্রপতি<br>▪ পিয়ের ট্রুডো- কানাডার সাবেক প্রধানমন্ত্রী<br>▪ লর্ড উইলসন- যুক্তরাজ্যের সাবেক প্রধানমন্ত্রী |
| **তৃতীয় সর্বোচ্চ** | বাংলাদেশ মৈত্রী সম্মাননা | ৩১২ জন ও ১০টি প্রতিষ্ঠান | ▪ আকাশবাণী, রেডক্রস, অক্সফাম, UNHCR, কলকাতা বিশ্ববিদ্যালয় সহায়ক সমিতি, বিবিসি, ব্রিটিশ ত্রাণকর্মী জুলিয়ান ফ্রান্সিস (অক্সফাম) ইত্যাদি। |

# POLL QUESTION-03

✪ বীরশ্রেষ্ঠ ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর কোন সেক্টরে যুদ্ধ করেন?

(a) ১নং

(b) ২নং

(c) ৭নং

(d) ৮নং

# মুক্তিযুদ্ধভিত্তিক বাংলা উপন্যাস

| বইয়ের নাম | লেখকের নাম |
|---|---|
| জননী সাহসিনী ১৯৭১; বীর প্রতীকের খোঁজে; মা | আনিসুল হক |
| রাইফেল রোটি আওরাত | আনোয়ার পাশা |
| অলাতচক্র; ওঙ্কার | আহমদ ছফা |
| উপমহাদেশ | আল মাহমুদ |
| একাত্তরের পথের ধারে; একাত্তরের যীশু | শাহরিয়ার কবির |
| জাহান্নম হইতে বিদায়; দুই সৈনিক; নেকড়ে অরণ্য; জলাঙ্গী | শওকত ওসমান |

| বইয়ের নাম | লেখকের নাম |
|---|---|
| হাঙর নদী গ্রেনেড | সেলিনা হোসেন |
| নিষিদ্ধ লোবান | সৈয়দ শামসুল হক |
| খাঁচায়; নষ্ট জোছনায় এ কোন অরণ্য | রশীদ হায়দার |
| আমার বন্ধু রাশেদ | মুহম্মদ জাফর ইকবাল |
| | |
| | |
| | |

# মুক্তিযুদ্ধভিত্তিক নাটক

| নাটক | নাট্যকার | | নাটক | নাট্যকার |
|---|---|---|---|---|
| পায়ের আওয়াজ পাওয়া যায় | সৈয়দ শামসুল হক | | কিংশুক যে মরুতে | মোহাম্মদ এহসানুল্লাহ |
| তরঙ্গভঙ্গ | সৈয়দ ওয়ালীউল্লাহ | | প্রতিদিন একদিন | সাইদ আহমদ |
| কী চাহ শঙ্খচীল; বর্ণচোর; বকুলপুরের স্বাধীনতা; স্বাধীনতা আমার; এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম | মমতাজ উদ্দিন আহমেদ | | ফেরী আসছে | রণেশ দাশগুপ্ত |
| | | | সমতট | মামুনুর রশীদ |
| নরকে লাল গোলাপ | আলাউদ্দিন আল আজাদ | | সুবচন নির্বাসনে; এখন দুঃসময় | আবদুল্লাহ আল মামুন |
| যে অরণ্যে আলো নেই | নীলিমা ইব্রাহীম | | | |

# মুক্তিযুদ্ধভিত্তিক গল্প

| গল্প | গল্পকার | গল্প | গল্পকার |
|---|---|---|---|
| কথোপকথন: তরুণ দম্পতি | সৈয়দ শামসুল হক | কালো মাফলার; বেওয়ারিশ লাশ | মাহমুদুল হক |
| কোথায় আমার ভালোবাসা | শওকত আলী | জন্ম যদি তব বঙ্গে; ভিটেমাটি | সেলিনা হোসেন |
| নামহীন গোত্রহীন (গল্পগ্রন্থ); ঘরগেরস্থি; কেউ আসেনি; ফেরা | হাসান আজিজুল হক | রেইনকোট; অপঘাত; মিলির হাতে স্টেনগান | আখতারুজ্জামান ইলিয়াস |

# মুক্তিযুদ্ধভিত্তিক প্রবন্ধ

| প্রবন্ধ | প্রবন্ধকার | প্রবন্ধ | প্রবন্ধকার |
|---|---|---|---|
| আমি বীরাঙ্গনা বলছি | ড. নীলিমা ইব্রাহীম | বুকের ভিতর আগুন; বিদায় দে মা ঘুরে আসি | জাহানারা ইমাম |
| একাত্তরের ঢাকা; যাপিত জীবন | সেলিনা হোসেন | লক্ষ প্রাণের বিনিময়ে; একাত্তরের বিজয় গাঁথা | রফিকুল ইসলাম বীরউত্তম |
| The Blood Telegram | গ্যারি জে ব্যাস | | |
| A Search for Identity | মেজর আব্দুল জলিল | The Cruel Birth of Bangladesh | Archer K. Blood |
| The Liberation of Bangladesh | মেজর জেনারেল সুখওয়ান্ত সিং | Making of a Nation Bangladesh | নুরুল ইসলাম |

# মুক্তিযুদ্ধভিত্তিক কবিতা

| কবিতা | কবি | কবিতা | কবি |
|---|---|---|---|
| স্বাধীনতা; এই শব্দটি কিভাবে আমাদের হলো; সল্টলেকের ইন্দিরা | নির্মলেন্দু গুণ | স্বাধীনতা তুমি; বন্দী শিবির থেকে; তোমাকে পাওয়ার জন্য হে স্বাধীনতা; গেরিলা | শামসুর রাহমান |
| মুক্তিযুদ্ধ | আব্দুল মান্নান সৈয়দ | সেপ্টেম্বর অন যশোর রোড | অ্যালেন গিনসবার্গ (মার্কিন) |
| বাংলা ছাড়ো | সিকান্দার আবু জাফর | আজকের বাংলাদেশ | সুফিয়া কামাল |
| একজন মুক্তিযোদ্ধার আত্মসমর্পণ; নৈরাশ্যবাদী উক্তি | রফিক আজাদ | মুক্তিযোদ্ধারা দেখতে কেমন | আহসান হাবীব |

# মুক্তিযুদ্ধভিত্তিক স্মৃতিকথা

| বইয়ের নাম | লেখক |
|---|---|
| একাত্তরের দিনগুলি | জাহানারা ইমাম |
| একাত্তরের বর্ণমালা; আমি বিজয় দেখেছি | এম আর আখতার মুকুল |
| একাত্তরের ডায়েরী | সুফিয়া কামাল |
| অবরুদ্ধ জীবন | আনোয়ারা সৈয়দ হক |
| মুক্তিযুদ্ধঃ আগে ও পরে | পান্না কায়সার |

| বইয়ের নাম | লেখক |
|---|---|
| আত্মকথা ১৯৭১ | নির্মলেন্দু গুণ |
| ফেরারী ডায়েরী | আলাউদ্দিন আল আজাদ |
| বাংলাদেশের জন্ম | রাও ফরমান আলী খান |
| আমার একাত্তর | আনিসুজ্জামান |
| প্রবাসে মুক্তিযুদ্ধের দিনগুলি | আবু সাঈদ চৌধুরী |

# মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র

| চলচ্চিত্র | পরিচালক |
|---|---|
| জীবন থেকে নেয়া; Let there be Light | জহির রায়হান |
| জয়যাত্রা | তৌকির আহমেদ |
| জয় বাংলা | ফখরুল আলম |
| ওরা ১১ জন; হাঙ্গর নদী গ্রেনেড; ধ্রুবতারা; সংগ্রাম; মেঘের পরে মেঘ | চাষী নজরুল ইসলাম |
| অরুণোদয়ের অগ্নিসাক্ষী | সুভাষ দত্ত |
| বাঘা বাঙালী; কার হাসি কে হাসে | আনন্দ |
| পিতা | মাসুদ আখন্দ |
| ধীরে বহে মেঘনা | আলমগীর কবির |
| আবার তোরা মানুষ হ; এখনো অনেক রাত | খান আতাউর রহমান |
| মাটির ময়না | তারেক মাসুদ |

| চলচ্চিত্র | পরিচালক |
|---|---|
| খেলাঘর; শরৎ একাত্তর; আমার বন্ধু রাশেদ; অনিল বাগচীর একদিন | মোরশেদুল ইসলাম |
| আগুনের পরশমণি; শ্যামল ছায়া | হুমায়ূন আহমেদ |
| অস্তিত্বে আমার দেশ | খিজির হায়াত খান |
| স্পার্টাকাস’৭১ | মোস্তফা সরয়ার ফারুকী |
| গেরিলা | নাসিরুদ্দিন ইউসুফ |
| জীবনঢুলী; রাবেয়া; নদীর নাম মধুমতি | তানভীর মোকাম্মেল |
| আমার জন্মভূমি | আলমগীর কুমকুম |
| আলোর মিছিল | নারায়ণ ঘোষ মিতা |
| গেরিলা; একাত্তরের যীশু | নাসির উদ্দীন ইউসুফ |

# স্বল্পদৈর্ঘ্য ও প্রামাণ্য চলচ্চিত্র

| প্রামাণ্যচিত্র | পরিচালক |
|---|---|
| স্টপ জেনোসাইড (Stop Genocide); এ স্টেট ইজ বর্ন (A State is Born) | জহির রায়হান |
| ইনোসেন্ট মিলিয়নস (Innocent Millions); ডায়েরিজ অব বাংলাদেশ | আলমগীর কবির |
| লিবারেশন ফাইটার্স | বাবুল চৌধুরী |
| এক সাগর রক্তের বিনিময়ে | আলমগীর কবীর |
| ১৯৭১; তাজউদ্দীন আহমদ: নিঃসঙ্গ সারথী; হুলিয়া | তানভীর মোকাম্মেল |
| মুক্তির গান; মুক্তির কথা | তারেক মাসুদ ও ক্যাথরিন মাসুদ |

# মুক্তিযুদ্ধভিত্তিক গান

| গান | সুরকার ও গীতিকার |
|---|---|
| এক নদী রক্ত পেরিয়ে | খান আতাউর রহমান |
| এক সাগর রক্তের বিনিময়ে; মোরা একটি ফুলকে বাঁচাব বলে যুদ্ধ করি; পূর্ব দিগন্তে সূর্য উঠেছে | গোবিন্দ হালদার |
| পদ্মা মেঘনা যমুনা | সমর দাস ও গোবিন্দ হালদার |
| সব কটি জানালা খুলে দাও না | নজরুল ইসলাম বাবু |
| জন্ম আমার ধন্য হলো | আজাদ রহমান ও নয়ীম গহর |
| একবার যেতে দে না আমায় ছোট্ট সোনার গাঁয়, জয় বাংলা বাংলার জয় | আনোয়ার পারভেজ ও গাজী মাজহারুল আনোয়ার |
| একতারা তুই দেশের কথা বলরে এবার বল | সত্য সাহা ও গাজী মাজহারুল আনোয়ার |
| এই পদ্মা এই মেঘনা এই যমুনা সুরমা নদী তটে | আবু জাফর |

| গান | সুরকার ও গীতিকার |
|---|---|
| তীর হারা এই ঢেউয়ের সাগর | আপেল মাহমুদ |
| দুর্গম গিরি কান্তার; এই শিকল পরা ছল; | কাজী নজরুল ইসলাম |
| নোঙ্গর তোল তোল সময় যে হলো হলো | সমর দাস ও নয়ীম গহর |
| জনতার সংগ্রাম চলবেই | শেখ লুৎফর রহমান ও সিকানদার আবু জাফর |
| শোনো একটি মুজিবরের | অংশুমান রায় ও গৌরীপ্রসন্ন মজুমদার |
| মাগো ভাবনা কেনো | হেমন্ত মুখোপাধ্যায় ও গৌরীপ্রসন্ন মজুমদার |
| দাম দিয়ে কিনেছি বাংলা; সোনা সোনা সোনা লোকে বলে সোনা | আবদুল লতিফ |

# POLL QUESTION-04

✪ কোনটি মুক্তিযুদ্ধভিত্তিক গল্প?

(a) জাহান্নম হইতে বিদায়

(b) যে অরণ্যে আলো নেই

(c) জীবন থেকে নেয়া

(d) মিলির হাতে স্টেনগান

# বিগত বছরের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ মহান মুক্তিযুদ্ধের সময় ঢাকা শহর কোন সেক্টরের অন্তর্ভুক্ত ছিল? [৪৫তম বিসিএস]

(ক) ২ (দুই) নম্বর (খ) ৩ (তিন) নম্বর (গ) ৪ (চার) নম্বর (ঘ) ৫ (পাঁচ) নম্বর

➲ 'জয় বাংলা' কে জাতীয় স্লোগান হিসাবে মন্ত্রিসভায় কত তারিখে অনুমোদন করা হয়? [৪৫তম বিসিএস]

(ক) ২ মার্চ, ২০২২ (খ) ৩ মার্চ, ২০২২ (গ) ৪ মার্চ, ২০২২ (ঘ) ৫ মার্চ, ২০২২

➲ 'গণহত্যা যাদুঘর' কোথায় অবস্থিত? [৪৫তম বিসিএস]

(ক) ঢাকা (খ) চট্টগ্রাম (গ) কুমিল্লা (ঘ) খুলনা

# বিগত বছরের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ 'এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম' -জাতির পিতা কবে এই ঘোষণা দেন? [৪৪তম বিসিএস]

(ক) ২৬ মার্চ ১৯৭১ (খ) ৭ মার্চ ১৯৭১

(গ) ৩ মার্চ ১৯৭১ (ঘ) ১৬ ডিসেম্বর ১৯৭১

➲ বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে কতজন মুক্তিযোদ্ধাকে 'বীর বিক্রম' খেতাবে ভূষিত করা হয়? [৪৪তম বিসিএস]

(ক) ৭ জন (খ) ৬৮ জন

(গ) ১৭৫ জন (ঘ) ৪২৬ জন

➲ মুজিবনগর সরকারের ত্রাণ ও পুনর্বাসন মন্ত্রী কে ছিলেন? [৪৪তম বিসিএস]

(ক) তাজউদ্দিন আহমেদ (খ) এ এইচ এম কামরুজ্জামান

(গ) সৈয়দ নজরুল ইসলাম (ঘ) এম মনসুর আলী

# বিগত বছরের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ মুজিবনগর সরকারের অর্থনীতি বিষয়ক ও পরিকল্পনা বিভাগের দায়িত্বে কে ছিলেন? – [৪৩তম বিসিএস]

(ক) তাজউদ্দিন আহমেদ (খ) সৈয়দ নজরুল ইসলাম

(গ) এম. মনসুর আলী (ঘ) এ.এইচ.এম. কামরুজ্জামান

➲ ল্যান্স নায়েক নূর মোহাম্মদ শেখ কোন সেক্টরের অধীনে মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেন? – [৪৩তম বিসিএস]

(ক) ৬ নম্বর (খ) ৭ নম্বর (গ) ৮ নম্বর (ঘ) ৯ নম্বর

➲ ১৯৭১ সালে 'The Concert for Bangladesh' কোথায় অনুষ্ঠিত হয়? [৪২তম বিসিএস]

(ক) চট্টগ্রাম (খ) কলকাতা (গ) লন্ডন (ঘ) নিউইয়র্ক

➲ নিচের কোনটি মুক্তিযুদ্ধভিত্তিক স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র? [৪২তম বিসিএস]

(ক) ধীরে বহে মেঘনা (খ) কলমিলতা (গ) আবার তোরা মানুষ হ (ঘ) হুলিয়া

# বিগত বছরের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ ১৯৭১ সালে মুজিবনগর সরকার কর্তৃক প্রকাশিত পত্রিকার নাম ছিল- [৪২তম বিসিএস]

(ক) জয় বাংলা (খ) বাংলাদেশ (গ) স্বাধীনতা (ঘ) মুক্তির ডাক

➲ কে বীরশ্রেষ্ঠ নন? [৪১তম বিসিএস]

(ক) হামিদুর রহমান (খ) মোস্তফা কামাল (গ) মুন্সী আব্দুর রহিম (ঘ) নূর মোহাম্মদ শেখ

➲ পাকিস্তান কবে বাংলাদেশকে একটি সার্বভৌম রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেয়? [৪১তম বিসিএস]

(ক) ফেব্রুয়ারি ২০, ১৯৭৪ (খ) ফেব্রুয়ারি ২১, ১৯৭৪

(গ) ফেব্রুয়ারি ২২, ১৯৭৪ (ঘ) ফেব্রুয়ারি ২৩, ১৯৭৪

➲ মুক্তিযুদ্ধকালে কোলকাতার ৮, থিয়েটার রোডে 'বাংলাদেশ বাহিনী' কখন গঠন করা হয়? [৪১তম বিসিএস]

(ক) এপ্রিল ১০, ১৯৭১ (খ) এপ্রিল ১১, ১৯৭১ (গ) এপ্রিল ১২, ১৯৭১ (ঘ) এপ্রিল ১৩, ১৯৭১

# বিগত বছরের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ কোন বীরশ্রেষ্ঠের দেহাবশেষ বাংলাদেশে এনে বীরশ্রেষ্ঠ মতিউর রহমানের কবরের পাশে সমাহিত করা হয়? [৪১তম বিসিএস]

(ক) সিপাহী মোস্তফা কামাল (খ) ল্যান্স নায়েক মুন্সি আবদুর রউফ

(গ) ল্যান্স নায়েক নূর মোহাম্মদ শেখ (ঘ) সিপাহী হামিদুর রহমান

➲ ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় জাতিসংঘে কোন দেশ বাংলাদেশের পক্ষে ভেটো প্রদান করেছিল? [৪০তম বিসিএস]

(ক) যুক্তরাজ্য (খ) ফ্রান্স (গ) যুক্তরাষ্ট্র (ঘ) সোভিয়েত ইউনিয়ন

➲ 'Let there be Light'- বিখ্যাত ছবিটি পরিচালনা করেন- [৪০তম বিসিএস]

(ক) আমজাদ হোসেন (খ) জহির রায়হান (গ) খান আতাউর রহমান (ঘ) শেখ নিয়ামত আলী

➲ কোন বিদেশি পত্রিকা বঙ্গবন্ধুকে 'রাজনীতির কবি' (Poet of Politics) উপাধি দিয়েছিলেন? [৩৯তম বিসিএস]

(ক) নিউজ উইকস (উইকস) (খ) দি ইকনমিস্ট (গ) টাইম (ঘ) গার্ডিয়ান

# বিগত বছরের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ মুক্তিযুদ্ধের সময় নৌ-কমান্ড গঠিত হয় কোন সেক্টর নিয়ে? [৩৯তম বিসিএস]

(ক) ১০ নং সেক্টর (খ) ১১ নং সেক্টর (গ) ৮ নং সেক্টর (ঘ) ৯ নং সেক্টর

➲ বাংলাদেশের মুক্তিযুদ্ধের পটভূমিকায় নির্মিত 'ধীরে বহে মেঘনা' চলচ্চিত্রের নির্মাতা কে? [৩৭তম বিসিএস]

(ক) আলমগীর কবির (খ) খান আতাউর রহমান (গ) হুমায়ূন আহমেদ (ঘ) সুভাষ দত্ত

➲ বাংলাদেশে মর্যাদা অনুসারে ৩য় বীরত্বসূচক খেতাব- [৩৭তম বিসিএস]

(ক) বীরপ্রতীক (খ) বীরশ্রেষ্ঠ (গ) বীরউত্তম (ঘ) বীরবিক্রম

# বিগত বছরের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম অনারব মুসলিম দেশ কোনটি? [৩৭তম বিসিএস]

(ক) ইন্দোনেশিয়া (খ) মালয়েশিয়া (গ) মালদ্বীপ (ঘ) পাকিস্তান

➲ বঙ্গবন্ধুর ১৯৭১ সালের ৭ মার্চ ভাষণের সময়কালে পূর্ব পাকিস্তানে যে আন্দোলন চলছিল সেটি হলো– [৩৬তম বিসিএস]

(ক) ইসলামাবাদের সামরিক সরকার পদত্যাগের আন্দোলন

(খ) পূর্ব পাকিস্তানের অসহযোগ আন্দোলন

(গ) প্রেসিডেন্ট ইয়াহহিয়ার পদত্যাগ আন্দোলন

(ঘ) মার্শাল 'ল' পদত্যাগের আন্দোলন

➲ ২৬ মার্চ ১৯৭১–এর স্বাধীনতা ঘোষণা বঙ্গবন্ধু জারী করেন– [৩৬তম বিসিএস]

(ক) বেতার/রেডিওর মাধ্যমে (খ) ওয়্যারলেসের মাধ্যমে

(গ) টেলিগ্রামের মাধ্যম (ঘ) টেলিভিশনের মাধ্যমে

# বিগত বছরের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➲ বাংলাদেশকে স্বীকৃতি প্রদানকারী প্রথম ইউরোপীয় দেশ কোনটি? [৩৬তম বিসিএস]

(ক) যুক্তরাজ্য (খ) পূর্ব জার্মানি (গ) স্পেন (ঘ) গ্রিস

➲ মুক্তিযুদ্ধকালীন কোন তারিখে বুদ্ধিজীবীদের ওপর ব্যাপক হত্যাকাণ্ড সংঘটিত হয়? [৩৬তম বিসিএস]

(ক) ২৫ মার্চ ১৯৭১ (খ) ২৬ মার্চ ১৯৭১ (গ) ১৪ ডিসেম্বর ১৯৭১ (ঘ) ১৬ ডিসেম্বর ১৯৭১

➲ বাংলাদেশের মুক্তিযুদ্ধের সর্বাধিনায়ক কে ছিলেন? [৩৫তম বিসিএস]

(ক) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান (খ) জেনারেল এম. এ. জি ওসমানী

(গ) কর্নেল শফিউল্লাহ (ঘ) মেজর জিয়াউর রহমান

➲ 'Making of a Nation Bangladesh' গ্রন্থের রচয়িতা কে? [৩৫তম বিসিএস]

(ক) কামাল হোসেন (খ) এল, এ, করিম (গ) নুরুল ইসলাম (ঘ) আনিসুর রহমান

➲ দ্য ব্লাড টেলিগ্রাম (The Blood Telegram) গ্রন্থটির লেখক- [৩৫তম বিসিএস]

(ক) রিচার্ড সেশন (খ) মার্কাস ফ্রান্ডা (গ) গ্যারি জে ব্যাস (ঘ) পল ওয়ালেচ

# BCS কঠিন নয়;
# প্রস্তুতি যদি গোছানো হয়

Facebook Page
https://www.facebook.com/uttoronacademy

Facebook Group (BCS উত্তরণ)
https://www.facebook.com/groups/www.uttoron.academy

YouTube Channel
https://www.youtube.com/c/Uttoron

উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

BCS অনলাইন ও অফলাইনের সমন্বয়ে গোছানো প্রস্তুতি
(https://www.youtube.com/watch?v=MFKW8FSNnP0)

একটি উদ্যম-উন্মেষ প্রতিষ্ঠান

09666775566
www.uttoron.academy